



দুবাইয়ে ক্ষেপণাস্ত্রের ধ্বংসাবশেষে বাংলাদেশিসহ আহত ৪



দুবাই শহর। ছবি: সংগৃহীত

মধ্যপ্রাচ্যের উত্তেজনার মধ্যে দুবাইয়ের একটি আবাসিক এলাকায় ক্ষেপণাস্ত্রের ভগ্নাংশ পড়ে চার প্রবাসী আহত হয়েছেন।

আহতদের মধ্যে একজন বাংলাদেশি, দুজন ভারতীয় ও একজন শ্রীলঙ্কান নাগরিক রয়েছেন বলে জানিয়েছে স্থানীয় কর্তৃপক্ষ। তাদের আঘাত গুরুতর নয়, তবে আশপাশের কিছু ভবনে ক্ষতির খবর পাওয়া গেছে।

মঙ্গলবার (৩১ মার্চ) ঘটে যাওয়া এই ঘটনায় দুবাই মিডিয়া অফিস জানায়, আকাশপথে আসা ছমকি প্রতিহত করার সময় প্রতিরক্ষা ব্যবস্থার মাধ্যমে ক্ষেপণাস্ত্রটি ভূপাতিত করা হয়। সেই সময় এর কিছু অংশ নিচে পড়ে গিয়ে দুর্ঘটনাটি ঘটে।

দিনজুড়ে শহরের বিভিন্ন এলাকায় বিস্ফোরণের শব্দ শোনা যায়, যা চলমান প্রতিরক্ষা অভিযানের অংশ বলে পরে নিশ্চিত করা হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে থাকলেও নাগরিকদের সতর্ক থাকতে এবং নিরাপদ স্থানে অবস্থান করার নির্দেশনা দেওয়া হয়েছে।

উল্লেখ্য, ২৮ ফেব্রুয়ারি ২০২৬ থেকে শুরু হওয়া এই সংঘাতের প্রভাবে সংযুক্ত আরব আমিরাতের এখন পর্যন্ত ১৭৮ জন আহত এবং ১১ জন নিহত হয়েছেন।